তা. 19 APR 2017
পৃষ্ঠা ২ ... কলাম 6

দৈনিক আমাদের সময়

# শূন্য পাসের ও শিক্ষার্থীহীন কলেজে ভর্তি বন্ধ হচ্ছে

এম এইচ রবিন ●

যত্রতত্র গড়ে ওঠা শিক্ষা প্রতিষ্ঠানগুলো সরকারের বিধিবিধানের তোয়াক্কা করছে না। ফলে এসব প্রতিষ্ঠানের শিক্ষার্থীরাও আশানুরূপ ফল করতে পারছে না। তার মধ্যে কোনো কোনো কলেজ থেকে পাবলিক পরীক্ষায় একজন শিক্ষার্থীও পাস করতে পারেনি। শুধু তা-ই নয়, এমন প্রতিষ্ঠানও রয়েছে যেখানে গত দুই বছর ধরে কোনো শিক্ষার্থী ভর্তি হয়নি। এ কারণে নামসর্বস্ব এসব শিক্ষা প্রতিষ্ঠানের একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বন্ধে সিদ্ধান্ত নিয়েছে সরকার।

জানা গেছে, শিক্ষার্থীশূন্য এবং উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোনো শিক্ষার্থী পাস করতে পারেনি সারা দেশে এমন ভুঁইফোড় কলেজের সংখ্যা ২০৪টি। এর মধ্যে ১৮৪ কলেজের একাদশ শ্রেণিতে গত দুই বছর ধরে কোনো শিক্ষার্থীই ভর্তি হয়নি। আর ২০টি কলেজে গত বছর উচ্চ মাধ্যমিক পরীক্ষায় কোনো শিক্ষার্থী পাস করেনি।

শিক্ষা মন্ত্রণালয়ের তথ্যানুযায়ী, ঢাকা বোর্ডের অধীনে এ ধরনের কলেজ ৯৮টি, যশোরে ৬, রাজশাহীতে ৫০, চট্টগ্রামে ৪ এবং সিলেট ও বরিশাল বোর্ডে সাতটি করে ১৪টি কলেজ রয়েছে। এ ছাড়া দিনাজপুর বোর্ডে রয়েছে ৩২টি কলেজ। এসব শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ করতে গত নভেম্বরে শিক্ষা মন্ত্রণালয় থেকে বিভিন্ন বোর্ডে এবং মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে (মাউশি) চিঠি পাঠানো হয়েছে। একই সঙ্গে গত ২৩ নভেম্বর আলাদা পরিপত্রও জারি করা হয়।

আন্তঃশিক্ষা বোর্ডের সমন্বয়ক ও ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক মাহবুবুর রহমান আমাদের সময়কে বলেন, যেসব কলেজ থেকে পাবলিক পরীক্ষায় একজনও পাস করতে পারেনি এবং গত দুই বছর একজন শিক্ষার্থীও ভর্তি হয়নি এমন কলেজে চলতি বছর একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি বন্ধের সিদ্ধান্ত হয়েছে।

সূত্র জানায়, ঢাকা বোর্ডের অধীন নামসর্বস্ব শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে কারণ দর্শানোর চিঠি দেওয়া হয়েছিল। চিঠি দেওয়া কলেজগুলো হলো কলেজ ফর অ্যাডভান্সড স্টাডিজ, নিউরাল কলেজ, ধানমণ্ডি কলেজ, বাসাবো উচ্চমাধ্যমিক বালিকা বিদ্যালয়, ঢাকা এসএবিএম কলেজ, নর্থসাউথ কলেজ, উত্তরা সায়েন্স কলেজ, মেট্রোপলিটন মডেল কলেজ, লিডস কলেজ, বালুঘাট হাইস্কুল অ্যান্ড কলেজ, নাখালপাড়া হোসেন আলী হাইস্কুল অ্যান্ড কলেজ, হার্ভার্ড ইন্টারন্যাশনাল কলেজ, আইডিয়াল ল্যাবরেটরি কলেজ, হাক্কানী মিশন মহাবিদ্যালয়, চেতনা মডেল কলেজ,

এরপর পৃষ্ঠা ৯, কলাম ৭

## শূন্য পাসের ও শিক্ষার্থীহীন

(শেষ পৃষ্ঠার পর) উইবট কলেজ, জাস্ট ইন্টারন্যাশনাল কলেজ, হেরিটেজ ইন্টারন্যাশনাল কলেজ, ইউরোপিয়ান কলেজ, ল্যান্ডমার্ক কলেজ, ইউনিভার্স কলেজ, লাইটহাউস কলেজ, আইকন কলেজ, ই. হক কলেজ, ইউনাইটেড গ্লোবাল কলেজ, সভরিন কলেজ, বিমস কলেজ, শ্যামলী আইডিয়াল কলেজ, অন্বেষা ইন্টারন্যাশনাল স্কুল অ্যান্ড কলেজ (বন্ধ), দি এক্সিলেন্ট কলেজ, রেডিয়েন্ট কলেজ, সিসিইআর মডেল কলেজ, ঢাকা অক্সফোর্ড ইন্টারন্যাশনাল কলেজ, ব্লুমিং ফ্লাওয়ার ইন্টারন্যাশনাল কলেজ, আলোড়ন কলেজ, দেশ আইডিয়াল কলেজ, কম্বাইন্ড কমার্স কলেজ, ইউইউ কলেজ, আলোড়ন কলেজ ল্যাবরেটরি কলেজ, কেসি মডেল কলেজ, সেন্ট্রাল জেল (প্রাইভেট) কলেজ, অক্সফোর্ড কলেজ, মাউন্টেন কলেজ, নবারুণ কলেজ, প্রাইম স্কলার্স কলেজ, আল ফরুকান ইংলিশ হাইস্কুল অ্যান্ড গার্লস কলেজ, জে কে কলেজ, কেরানীগঞ্জের জাজিরা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ধামরাইয়ের বঙ্গবন্ধু কলেজ, হাড়িনাল হাইস্কুল অ্যান্ড কলেজ, পুবাইল কমার্স কলেজ, নয়ানগর মহিলা কলেজ, লেসন কমার্স কলেজ, আলহাজ ধনাই বেপারি মহিলা কলেজ, টিপু সুলতান কলেজ, ভাওয়াল মির্জাপুর পাবলিক কলেজ, বিজয় কলেজ, ইক্বরা কমার্স কলেজ, কাইমুন্নেসা কলেজ, আব্দুল আজিজ মিয়া আয়েশা খাতুন কলেজ, বাঁশগাড়ী কলেজ, মুন্সীগঞ্জ কলেজ, সমষপুর উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, মানিকগঞ্জের মুক্তিযোদ্ধা মেমোরিয়াল কলেজ, বরুন্দি রাকিব আহমেদ কলেজ, অক্সফোর্ড একাডেমি, আনোয়ার আইডিয়াল কমার্স কলেজ, হাজীগঞ্জ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, অ্যাম্বিমডেল কলেজ, জামালপুরের বাটিকামারী মাধ্যমিক বিদ্যালয়, ইসলামপুরের এসএমসি আদর্শ কলেজ, ব্যারিস্টার আব্দুস সালাম তালুকদার কলেজ, বিষ্ণুপুর খন্দকার বারি কলেজ, গোলাইডাঙ্গা উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, জান্না মডেল উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, কচুয়া পাবলিক উচ্চ মাধ্যমিক বিদ্যালয় ও কলেজ, মেজর জেনারেল মাহমুদুল হাসান উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, টাঙ্গাইলের মেজর মাহমুদুল হাসান হায়ার সেকেন্ডারি স্কুল, কাউলজানি কলেজ, পানকাটা ইসলামিয়া হায়ার সেকেন্ডারি স্কুল, মধুপুর বহুমুখী মডেল টেকনিক্যাল ইনস্টিটিউট অ্যান্ড কলেজ, কানাইপুর কলেজ, কবিরহাট পৌর মহিলা কলেজ, আলিয়াবাদ গিয়াসউদ্দিন আহমেদ কলেজ, মুক্তিযোদ্ধা প্রিন্সিপাল ড. আজিজুর রহমান কলেজ, আহমেদ আলী মৃধা কলেজ, টুঙ্গিপাড়ায় বর্ণী উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, গোহাইলকান্দি উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, ময়মনসিংহের ফুলপুরের বকশীমূল কলেজ, রিফ্রেম মডেল কলেজ, পাবিয়াজুরি হায়ার সেকেন্ডারি স্কুল, গৌরীপুর পাবলিক কলেজ, আনোয়ার আইডিয়াল কমার্স কলেজ, হাজীগঞ্জ উচ্চমাধ্যমিক বিদ্যালয়, অ্যাম্বিমডেল কলেজ, জামালপুরের বাটিকামারী মাধ্যমিক বিদ্যালয়, ইসলামপুরের এসএনসি আদর্শ কলেজ, ব্যারিস্টার আব্দুস সালাম তালুকদার কলেজ ও বিষ্ণুপুর খন্দকার বারি কলেজ।

**যেসব কলেজে পাসের হার শূন্য :** ঢাকা বোর্ডের অধীন গাজীপুরের কালিয়াকৈরের নয়াবাজার মহিলা কলেজ, ফরিদপুরের নগরকান্দার সৈয়দা সাজেদা চৌধুরী হাইস্কুল অ্যান্ড কলেজ এবং কিশোরগঞ্জের কুলিয়ারচরের আবুল কাশেম কলেজ।

যশোর বোর্ডের কুষ্টিয়ার দৌলতপুরের শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা কলেজ। দিনাজপুরের রংপুরের পীরগাছার সাতদরগা কলেজ, ঠাকুরগাঁওয়ের রানীশংকৈলের রামপুর কলেজ, নীলফামারী সদরের নগর-দারোয়ানী স্কুল অ্যান্ড কলেজ, লালমনিরহাটের টুনি এসসি হাইস্কুল অ্যান্ড কলেজ, গাইবান্ধার গোবিন্দগঞ্জের বুড়াবুড়ি অজিতুল্লাহ হাইস্কুল অ্যান্ড কলেজ, নীলফামারীর জলঢাকার বাঙ্গুলাগাড়ী স্কুল অ্যান্ড কলেজ, কুড়িগ্রামের ভুরুঙ্গামারীর চলডাঙ্গা স্কুল অ্যান্ড কলেজ এবং দিনাজপুরের ফুলবাড়ীর উত্তর লক্ষ্মীপুর স্কুল অ্যান্ড কলেজ। রাজশাহী বোর্ডের নওগাঁর আত্রাইয়ের শিবগঞ্জ টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, একই জেলার মিঠাপুর আদর্শ কলেজ, রাজশাহীর বাগমারার আদর্শ টেকনিক্যাল অ্যান্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ, জাহিরউদ্দিন বিজ্ঞান ও কারিগরি স্কুল অ্যান্ড কলেজ, নাটোরের গুরুদাসপুরের চাঞ্চকৈর নাজিমউদ্দিন হাইস্কুল, নাটোরের লালপুরের ধুপৈল কলেজ, নওগাঁর পরানগর কলেজ এবং সিরাজগঞ্জের চৌগাছা মহিলা কলেজ।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................
পরিসংখ্যান বিভাগ
ডি.এল.পি বিভাগ
সিস্টেম এনালিস্ট
সিস্টেম ম্যানেজার
প্রশাসনিক কর্মকর্তা
পি.এ.
কার্যার্থে/জ্ঞাতার্থে
স্বাক্ষর